বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭৫.৩৯.০১০.২১.২৪২

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৯
১৬ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **উচ্চশিক্ষাস্তরে মৌলিক ও অনুবাদ পুস্তক প্রকাশের জন্য পাণ্ডুলিপি আহবান।**

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন উচ্চশিক্ষাস্তরে মৌলিক ও অনুবাদ পুস্তক প্রকাশ করে আসছে। প্রতিবছরের ন্যায় এবছরও (২০২৩ সাল) বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, অবসরপ্রাপ্ত শিক্ষক, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, গবেষণা প্রতিষ্ঠান/সংস্থার শিক্ষক/গবেষক, কমিশন কর্তৃপক্ষ ও কর্মকর্তাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে পাণ্ডুলিপি আহবান করা যাচ্ছে।

**শর্তাবলি:**

১. ইউজিসি পুস্তক প্রকাশনা নীতিমালা, ২০২০ অনুযায়ী নির্বাচিত লেখককে প্রকাশিত পুস্তকের জন্য এককালীন ১,০০,০০০.০০ (এক লক্ষ) টাকা সম্মানী প্রদান করা হবে।

২. বাংলায় সর্বোচ্চ ১২ ফন্ট ও ইংরেজিতে সর্বোচ্চ ১০ ফন্ট কম্পিউটার কম্পোজ করে ০৪ (চার) কপি পাণ্ডুলিপি A4 সাইজের কাগজে স্পাইরেল অথবা খোলা বাঁধাইপূর্বক কমিশনে দাখিল করতে হবে।

৩. পাণ্ডুলিপি ১/১৬ ডবল ডিমাই বা ১/৮ ডবল ডিমাই/ক্রাউন সাইজে সিঙ্গেল লাইন স্পেসে ফরমেটিং করে পেনড্রাইভ/সিডিতে কমিশনের রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশনে দাখিল করতে হবে।

৪. নির্বাচিত পাণ্ডুলিপি সাধারণভাবে ১/১৬ ডবল ডিমাই সাইজে ৩০০ পৃষ্ঠা বা ১/৮ ডবল ডিমাই/ক্রাউন সাইজের ক্ষেত্রে ২৫০ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ থাকবে। তবে এ ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫. লেখক কর্তৃক প্লেজিয়ারিজম (Plagiarism) সফটওয়ারের রিপোর্টসহ পাণ্ডুলিপির মৌলিকত্বের ঘোষণাপত্র এবং প্রকাশিত বইয়ের কতটুকু অংশ স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের সিলেবাস সংশ্লিষ্ট (Cover of Syllabus) তা উল্লেখপূর্বক আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

৬. বাংলা ও ইংরেজি উভয় ভাষায় পাণ্ডুলিপি প্রণয়ন করা যাবে। পুস্তক প্রকাশনা নীতিমালা অনুযায়ী পাণ্ডুলিপি নির্বাচন করা হবে। অন্য কোনো প্রকাশক বা ব্যক্তি উদ্যোগে পূর্বে প্রকাশিত পুস্তক পুনঃমুদ্রণ বা পুনঃসংস্করণের জন্য গ্রহণ করা হবে না।

৭. অনুবাদ পুস্তক প্রকাশ করার ক্ষেত্রে উদ্যোগী ব্যক্তি হলে ব্যক্তি এবং প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠান কর্তৃক লেখক ও প্রকাশকের (যিনি মূল কপি রাইটের অধিকারী তার নিকট হতে) অনুমতিপত্র সংগ্রহ করে তা আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।

৮. পাণ্ডুলিপির বানান রীতিতে প্রমিত নিয়ম অনুসরণ করতে হবে এবং বিশেষজ্ঞের মতামত নিয়ে পাণ্ডুলিপি মুদ্রণ ও প্রকাশনা প্রক্রিয়া গ্রহণ করা হবে।

৯. পুস্তক প্রকাশনা কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচনের পর বিষয় বিশেষজ্ঞের মতামত অনুযায়ী যদি পাণ্ডুলিপির বিষয়গত ও ভাষাগত মানোন্নয়নের আবশ্যকতা দেখা দেয়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট পাণ্ডুলিপি প্রণেতার সঙ্গে কমিশনের পক্ষ থেকে যোগাযোগ করা হবে।

১০. সাধারণভাবে নির্বাচিত পাণ্ডুলিপির প্রথম সংস্করণ ৫৫০ (পাঁচশত পঞ্চাশ) কপি প্রকাশ করা হবে। তবে চাহিদার পরিপ্রেক্ষিতে কত কপি পুস্তক প্রকাশ করা যাবে তার সংখ্যা কমিশন কর্তৃক নির্ধারণ করা হবে।

১১. ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটি কর্তৃক প্রাথমিকভাবে নির্বাচিত পাণ্ডুলিপি সংশ্লিষ্ট বিষয়ের এক বা একধিক বিশেষজ্ঞ দ্বারা মূল্যায়ন এবং আনুষঙ্গিক সম্পাদনার কাজ শেষ করে চূড়ান্ত পর্যায়ে পাণ্ডুলিপি পুস্তক আকারে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. চূড়ান্তভাবে নির্বাচিত পাণ্ডুলিপি পুস্তক আকারে মুদ্রণ ও প্রকাশের জন্য লেখককে, কমিশনের সাথে নন-জুডিসিয়াল স্ট্যাম্পে পুস্তক মুদ্রণ এবং প্রকাশের জন্য সমঝোতা স্মারকে চুক্তিবদ্ধ হতে হবে।

পুস্তক প্রকাশে আগ্রহী লেখকগণকে আগামী ২০ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে ৪ (চার) কপি পাণ্ডুলিপি কমিশনের রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশনের পরিচালক বরাবর জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

১৬-২-২০২৩
মোঃ শাহীন সিরাজ
অতিরিক্ত পরিচালক
ফোন: ৫৮১৬০২৪৫
ইমেইল: shahin@ugc.gov.bd

বিতরণ :

১) রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়
২) রেজিস্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয়
৩) রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
৪) রেজিস্ট্রার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
৫) রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৬) রেজিস্ট্রার, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
৭) রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়
৮) রেজিস্ট্রার, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
৯) রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয়
১০) রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১) রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
১২) রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়
১৩) রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
১৪) রেজিস্ট্রার, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৫) রেজিস্ট্রার, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
১৬) রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৭) রেজিস্ট্রার, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৮) রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
১৯) রেজিস্ট্রার, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
২০) রেজিস্ট্রার, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
২১) রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
২২) রেজিস্ট্রার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়
২৩) রেজিস্ট্রার, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
২৪) রেজিস্ট্রার, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
২৫) রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়

২৬) রেজিস্ট্রার, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল
সাইন্সেস বিশ্ববিদ্যালয়
২৭) রেজিস্ট্রার, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়
২৮) রেজিস্ট্রার, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
২৯) রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্
(বিইউপি)
৩০) রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়
৩১) রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
৩২) রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও
প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
৩৩) রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়
৩৪) রেজিস্ট্রার, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়
৩৫) রেজিস্ট্রার, রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
৩৬) রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম
বিশ্ববিদ্যালয়
৩৭) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
৩৮) রেজিস্ট্রার, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়
৩৯) রেজিস্ট্রার, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়
৪০) রেজিস্ট্রার, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়
৪১) রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল
ইউনিভার্সিটি
৪২) রেজিস্ট্রার, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়
৪৩) রেজিস্ট্রার, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়
৪৪) রেজিস্ট্রার, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব
বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
৪৫) রেজিস্ট্রার, সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়
৪৬) রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন
অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়
৪৭) রেজিস্ট্রার, চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,
চাঁদপুর
৪৮) রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ
৪৯) রেজিস্ট্রার, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ
৫০) রেজিস্ট্রার, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়,
খুলনা
৫১) রেজিস্ট্রার, কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়, কুরিগ্রাম
৫২) রেজিস্ট্রার, সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
৫৩) রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও
প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭৫.৩৯.০১০.২১.২৪২/১(৮)

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৯
১৬ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

২) সিনিয়র সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৩) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৪) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৫) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৬) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৭) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৮) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

১৬-২-২০২৩
মোহাম্মদ নজরুল ইসলাম
সিনিয়র সহকারী পরিচালক